# ওসমান হাদিকে গুলি অভ্যুত্থানের বুকে আঘাত : সারজিস আলম



সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম বলেছেন, শরিফ ওসমান হাদির মাথায় গুলি চালানো শুধু ব্যক্তিগত হামলা নয়, এটি বাংলাদেশের ফ্যাসিবাদবিরোধী অভ্যুত্থানের ওপর সরাসরি আঘাত।

শুক্রবার (১২ ডিসেম্বর) রাতে পঞ্চগড়ে হাদির ওপর হামলার প্রতিবাদে আয়োজিত বিক্ষোভ সমাবেশে তিনি বলেন, ভারতীয় আধিপত্য ও ফ্যাসিবাদবিরোধী কণ্ঠ রোধ করতেই এই হামলা চালানো হয়েছে। অভ্যুত্থান-পরবর্তী সময়ে কিছু দায়িত্বশীল ব্যক্তির ভূমিকার কারণে ফ্যাসিস্ট শক্তি আবার সক্রিয় হচ্ছে বলেও অভিযোগ করেন তিনি।

সারজিস আলম বলেন, এই হামলার মাধ্যমে গণতান্ত্রিক অগ্রযাত্রা ও নির্বাচন বানচালের ষড়যন্ত্র শুরু হয়েছে। তিনি সবাইকে ঐক্যবদ্ধ হয়ে দেশের অস্তিত্ব রক্ষার লড়াইয়ে নামার আহ্বান জানান।

তিনি আরও বলেন, প্রকৃত স্থিতিশীলতা ও সুষ্ঠু নির্বাচন নিশ্চিত করতে সন্ত্রাসী ও নাশকতাকারীদের বিরুদ্ধে কঠোর সিদ্ধান্ত নিতে হবে।

LENS ASIA